



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ন্দ অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmbebd.gov.bd, E-mail: info@bmbebd.gov.bd, Fax: ৫৮৬১৬৬৮১, ৫৮৬১৭৯০৮, ৯৬১৫৫৭৬

নং- বামাশিরো/সংস্থাপন/১১০২

তারিখঃ ০৭/১১/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ঢাকা জেলার শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রস্তুতকৃত সুপারিশমালা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ নং- ৩৭.০০.০০০০.৭২.০৬.০২৪.১৬.৩৩৬; তারিখঃ ২৭ অক্টোবর ২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ০৬.০৮.২০১৬ তারিখে জেলা প্রশাসন, ঢাকার উদ্যোগে দেশের সাম্প্রতিক উত্তৃত পরিস্থিতি মোকাবেলা, স্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা মহানগরীসহ ঢাকা জেলার সকল মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদরাসা প্রধানগণের অংশছাত্রে জাতীয় নাট্যশালা অডিটরিয়াম, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সুপারিশমালা নিম্নরূপঃ-

- সকল শিক্ষার্থীর অভিভাবকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর (বিকল্প মোবাইল নম্বর) ইত্যাদি তথ্যসমূলিত ড্যাটাবেজ প্রতিষ্ঠানে সংরক্ষণ;
- শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠানে এবং শ্রেণিকক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে ডিজিটাল হাজিরা গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- যদি কোন শিক্ষার্থী বিদ্যালয়ে এবং শ্রেণিকক্ষে অনুপস্থিত থাকে, সে সকল শিক্ষার্থীর অভিভাবকগণকে বিষয়টি তাৎক্ষণিকভাবে প্রতিষ্ঠান প্রধান/শ্রেণি শিক্ষককে অবগত করা। এ ক্ষেত্রে অন্বেষিত সময়ে প্রতিষ্ঠানের ছুটি হলে তা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় অভিভাবকদের জানিয়ে দেয়া;
- এক সাথে ২/৩ দিন অনুমোদন ব্যতীত শিক্ষার্থী প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকলে শিক্ষার্থীর বাসায় বিষয়টি অবগত করা;
- শিক্ষার্থীদের জন্য প্রতিষ্ঠানে চিত্তবিনোদনের ব্যবস্থা গ্রহণ;
- কর্মসূচী শিক্ষার উপর অধিক গুরুত্বারূপ করা;
- যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকাণ্ড নিয়মিতভাবে মনিটরিং এর ব্যবস্থা জোরদারত্বকরণ;
- Facebook সহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের উপর নজরদারী বাড়ানো;
- যে পরিবারের কিশোর-তরুণ নিয়মিত মসজিদে নামাজ আদায়ের জন্য যায় তাদের ব্যাপারে পিতা-মাতার লক্ষ্য রাখতে হবে যে, কোন অপরিচিত কারো সাথে অথবা অন্য কোথাও অতিরিক্ত সময় অতিবাহিত করে কিনা? অথবা মসজিদে গমনাগমনের সূত্রে কোন অপরিচিত, অতিমিটার্ভার্ষী কিংবা রহস্যময় কারো সাথে তার স্থিতা গড়ে তোলে কিনা?
- অভিভাবকগণকে তাদের সন্তানদের বন্ধু মহল সম্পর্কে সুস্পষ্ট ধারণা রাখতে হবে। কোন বন্ধুর সাথে কোথাও বেড়াতে যেতে চাইলে সব বিষয়ে খোঁজ নিয়ে নিশ্চিত হয়েই অনুমতি প্রদান;
- ইসলাম ধর্ম একটি আধুনিক ও শাস্ত্রি ধর্ম। এতে হিংসা, হত্যা, নৃসংশতা ও জঙ্গিবাদের কোন স্থান নেই। সে বিষয়ে সকল গণমাধ্যমে ইসলামিক চিন্তাবিদের মাধ্যমে নিয়মিত আলোচনা, ব্যাখ্যা বিশ্লেষণের মাধ্যমে প্রচার করা;
- সরকারি ব্যবস্থাপনায় জঙ্গি বিরোধী মানববন্ধন ও র্যালির পাশাপাশি পাঢ়া ও মহল্যায় সচেতনতামূলক সমাবেশ আয়োজন। গণমাধ্যম জঙ্গি বিরোধী ভিডিও চিত্র তৈরী ও প্রচার করা;
- সকল শিক্ষার্থীকে নিজস্ব প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কোন না কোন ক্লাবের সাথে সম্পৃক্ত করা;
- সকল প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে ফাউটিং দল গঠন ও শিক্ষার্থীদের ফাউট/রোভার ফাউট/গার্ল গাইড এর সাথে সম্পৃক্তকরণ;
- শিক্ষার্থীদের পাঠ্য বইয়ের পাশাপাশি সহপাঠ্যক্রমিক কাজে উদ্বৃদ্ধ করা। এ জন্য নিম্নোক্ত উদ্যোগ নেয়া যেতে পারে: (ক) বিতর্ক দল গঠন (খ) সাংস্কৃতিক দল গঠন (গ) নিয়মিত রচনা প্রতিযোগিতার আয়োজন (ঘ) নাটকের জন্য দল (ঙ) খেলাধুলার জন্য বিভিন্ন কমিটি গঠন ও (চ) ফাউট এর কার্যক্রম প্রসার ইত্যাদি;
- প্রতিষ্ঠানে নিয়মিত খেলাধুলার আয়োজন করা। যে সক প্রতিষ্ঠানে খেলার মাঠ নেই, সে সকল প্রতিষ্ঠানে প্রতিষ্ঠানের পরিবেশ উপর্যোগী খেলাধুলার সাথে শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ।

বর্ণিত অবস্থায় উপরিলিখিত সুপারিশসমূহ যথাযথভাবে পালন ও বাস্তবায়নের জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদরাসার অধ্যক্ষ/সুপারকে অনুরোধ করা হলো।

০৭/১১/২০১৬
মোঃ নজুল হাত
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২০২

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদরাসা।

নং- বামাশিরো/সংস্থাপন/১১০২(৫)

তারিখঃ ০৭/১১/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জনাব অসীম কুমার কর্মকার, সহকারী সচিব, শাখা-১১ (মাধ্যমিক-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রাম অফিসিস সেল, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

০৭/১১/২০১৬
মোঃ কামাল উদ্দিন
উপ-রেজিস্ট্রার (প্রশাসন, অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও উপ-রেজিস্ট্রার (কম্বল)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৫৪০৩